

বাংলা ট্রিবিউন

নভেম্বর ১৭, ২০১৮

ব্র্যাক বিশ্ববিদ্যালয়ে ইংরেজি ভাষা ও সাহিত্য বিষয়ক আন্তর্জাতিক কনফারেন্স

একুশ শতকের চ্যালেঞ্জ মোকাবেলায় ইংরেজি ভাষা ও সাহিত্য শিক্ষার প্রয়োজনীয়তা অপরিসীম। বর্তমান সমাজে সর্বত্রই ইংরেজি শিক্ষার দরকার এই কারণেই চিরাচরিত চিন্তাভাবনার শৃঙ্খল থেকে বেরিয়ে এসে ভাষা শেখার ক্ষেত্রে আরও বেশি মিথস্ক্রিয় কৌশল অবলম্বন করা উচিত। রাজধানীর ব্র্যাক বিশ্ববিদ্যালয়ে 'রিথিংকিং ডিসিপ্লিনারি ডাইভারসিটি: চ্যালেঞ্জস অফ টিচিং ইংলিশ ইন দ্য টুয়েনটি ওয়ান সেঞ্চুরি' শীর্ষক আন্তর্জাতিক কনফারেন্সে ইংরেজি ভাষা ও সাহিত্য শিক্ষার প্রয়োজনীয়তা সম্পর্কে এমনই ধারণা পোষণ করেছেন দেশি-বিদেশি তাত্ত্বিকবৃন্দ।

ব্র্যাক বিশ্ববিদ্যালয়ের অডিটোরিয়াম ভবনে অনুষ্ঠিত হয় 'রিথিংকিং ডিসিপ্লিনারি ডাইভারসিটি: চ্যালেঞ্জস অফ টিচিং ইংলিশ ইন দ্য টুয়েনটি ওয়ান সেঞ্চুরি' শীর্ষ দুদিনব্যাপী আন্তর্জাতিক কনফারেন্স। এতে অংশগ্রহণ করেন দেশ ও বিদেশের শতাধিক শিক্ষক-শিক্ষার্থী-গবেষক। সকাল দশটায় কনফারেন্সের উদ্বোধন করেন ব্র্যাক বিশ্ববিদ্যালয়ের রেজিস্টার লেফটেনেন্ট কর্নেল ফয়জুল ইসলাম (অব.)।

কনফারেন্সের প্রথম দিন প্রধান আলোচক ছিলেন নিউজিল্যান্ডের ক্যান্টাবারি বিশ্ববিদ্যালয়ের কলেজ অফ এডুকেশন এর হেলথ অ্যান্ড হিউম্যান ডেভেলপমেন্ট বিভাগের প্রফেসর জেনিনকা গ্রিনউড। বিকেলে বিশ্ববিদ্যালয়ের ইংলিশ অ্যান্ড হিউম্যানিটিজ (ইএনএইচ) বিভাগের অ্যাসিস্টেন্ট প্রফেসর ড. আসিফা সুলতানার সভাপতিত্বে 'ম্যাটেরিয়ালস ফর ম্যাটেরিয়ালস ডেভেলপমেন্ট ইন ইএলটি: গ্লোবাল, লোকাল অর গ্লোকাল? শীর্ষক আলোচনা সভায় বক্তব্য রাখেন বাংলাদেশ ইংলিশ ল্যাঙ্গুয়েজ টিচার্স অ্যাসোসিয়েশন (বেলটা) এর সভাপতি হারুনুর রশিদ খান, এক্সেল এডুকেশন এর এক্সিকিউটিভ ডিরেক্টর শিরীন হাসান, ন্যাশনাল কারিকুলাম অ্যান্ড টেক্সবুক বোর্ড (এনসিটিবি) এর এসইএসআইপি প্রোগ্রামের কারিকুলাম স্পেশালিস্ট প্রফেসর গৌতম রায়, ব্র্যাক এডুকেশন প্রোগ্রাম এর প্রোগ্রাম ম্যানেজার মাসুম বিল্লাহ ও ব্র্যাক বিশ্ববিদ্যালয়ের ইএনএইচ বিভাগের সহকারী প্রফেসর মাহমুদুল হক।

